দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 07 APR 2016 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৭ ......

# ১০ শিক্ষা প্রতিষ্ঠান এমপিও না হওয়ায় শিক্ষক-কর্মচারীদের মানবেতর জীবন

**■ সখীপুর (টাঙ্গাইল) সংবাদদাতা**

সখীপুর উপজেলার ১০টি শিক্ষা প্রতিষ্ঠান দেড় যুগেও এমপিওভুক্ত না হওয়ায় সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের শতাধিক শিক্ষক-কর্মচারী পরিবার-পরিজন নিয়ে মানবেতর জীবন-যাপন করছেন।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, উপজেলার বেড়বাড়ী দাখিল মাদ্রাসা, সখীপুর আদর্শ বালিকা উচ্চ বিদ্যালয়, শহীদ আবদুর রকীব বীর বিক্রম উচ্চ বিদ্যালয়, ঘেচুয়া নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, সানস্টার টেকনিক্যাল ইনস্টিটিউট এন্ড বিএম কলেজ, ভূয়াইদ টেকনিক্যাল ইনস্টিটিউট এন্ড বিএম কলেজ ঢনঢনিয়া উচ্চ বিদ্যালয়, কালিয়া আড়াইপাড়া বালিকা উচ্চ বিদ্যালয়, ঢনঢনিয়া ছোটচওনা উচ্চ বিদ্যালয় ও পলাশতলী মহাবিদ্যালয় এমপিওভুক্ত হয়নি। এসব শিক্ষা প্রতিষ্ঠান ২০০০ সালে প্রতিষ্ঠিত হয়।

ননএমপিও ওইসব শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের সঙ্গে কথা বলে জানা গেছে, শিক্ষা প্রতিষ্ঠানগুলো এমপিওভুক্ত হবে এমন আশা নিয়ে দীর্ঘদিন ধরে বিনা বেতনে চাকরি করে আসছেন তারা। বিভিন্ন সময় এমপিওভুক্তির দাবিতে শিক্ষক-কর্মচারীরা নানা আন্দোলনও করেছেন। সরকার বারবার এমপিওভুক্তির আশ্বাস দিলেও তা বাস্তবায়ন হয়নি। ফলে উপজেলার ননএমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের প্রায় ১৩০ জন শিক্ষক-কর্মচারী পরিবার-পরিজন নিয়ে মানবেতর জীবন-যাপন করছেন।

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মফিজুল ইসলাম বলেন, সখীপুরের শিক্ষা ব্যবস্থায় ননএমপিওভুক্ত ওইসব শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষার্থীদের শিক্ষাদানে অবদান রাখছে। কিন্তু দীর্ঘদিনেও প্রতিষ্ঠানগুলো এমপিওভুক্ত না হওয়ায় শিক্ষক-কর্মচারীরা অনেক কষ্টে জীবন-যাপন করছেন। সখীপুরের শিক্ষা ব্যবস্থার মানোন্নয়নে তিনিও সরকারের প্রতি এসব শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্তির জোর দাবি জানান।